

দাদরা ও নগর হাভেলিতে সরকারি উন্নয়ন প্রকল্পের সূচনা করলেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ১৭এপ্রিল, ২০১৭

দাদরা ও নগরহাভেলির সিলভাসায় আজ কয়েকটি সরকারি প্রকল্পের সূচনা করলেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী। প্রকল্পগুলির মধ্যে ছিল সরকারি ভবন, সৌরবিদ্যুতের পিভি ব্যবস্থা, জন-ঔষধি কেন্দ্র এবং একটি পাসপোর্ট সেবা কেন্দ্রের উদ্বোধন।

প্রধানমন্ত্রী আজ দিব্যাঙ্গজনদের মধ্যে সহায়ক সাজসরঞ্জামও বিতরণ করেন। সরকারি কর্মসূচির আওতায় অন্যান্য সুযোগও তিনি আজ পৌঁছে দেন দিব্যাঙ্গ ব্যক্তিদের কাছে।

সিলভাসায় প্রদত্ত ভাষণে শ্রী মোদী বলেন, প্রধানমন্ত্রী হিসেবে এটাই তাঁর প্রথম দাদরা ও নগর হাভেলি সফর। কিন্তু অতীতে তিনি এখানে এসেছেন অসংখ্যবার। তিনি আরও বলেন যে প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণের পর পরই দাদরা ও নগর হাভেলির উন্নয়ন কর্মসূচিগুলির সুফল সম্পর্কে অবহিত হওয়ার জন্য বিস্মারিত তথ্য চেয়ে পাঠিয়েছিলেন। পরবর্তীকালে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বিশেষভাবে দৃষ্টি দেওয়া হয় দাদরা ও নগর হাভেলির উন্নয়নে।

উন্নয়ন কর্মসূচি সম্পর্কে প্রধানমন্ত্রী বলেন, প্রত্যেক ভারতীয়েরই বাসস্থানের সুযোগ থাকা প্রয়োজন। মাত্র এক বছরেরও কম সময়ের মধ্যে 'উজ্জ্বলা' কর্মসূচির আওতায় এলপিগি-র সংযোগ পৌঁছে গেছে ২ কোটিরও বেশি পরিবারের কাছে।

তিনি বিশেষ জোর দিয়ে বলেন যে দরিদ্র এবং মধ্যবিত্ত শ্রেণীর মানুষ সর্বস্বান্ত হোক এ ধরনের পরিস্থিতি কখনই বরদাস্ত করবে না কেন্দ্রীয় সরকার। নগদহীন লেনদেনের জন্য 'ভিম' অ্যাপ ডাউনলোড করার আবেদন জানান প্রধানমন্ত্রী সমবেত জনতার উদ্দেশে।